

## ছাত্র-শিক্ষক সুসম্পর্ক বর্তমানে অনুপস্থিত

-বাণিজ্যমন্ত্রী

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার  
ডাকসুর সাবেক ডিপি ও বাণিজ্যমন্ত্রী  
তৌফায়েল আহমেদ তার সময়কার ছাত্র  
রাজনীতির কথা স্মৃতিচারণ করে  
বলেছেন, ছাত্র জীবনে ছাত্রলীগের  
রাজনীতির সাথে জড়িত ছিলাম। তখন  
আমাদের ছিল না কোন ধরনের  
বিলাসিতা। ছাত্র-শিক্ষক সুসম্পর্ক ছিল  
অনেক বড় একটা পাওনা। বর্তমানে সেটা  
অনুপস্থিত। সম্প্রতি শাহজালাল বিজ্ঞান  
ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যে ঘটনা ঘটেছে,  
তা আমাদের কর্তনার বাইরে ছিল-।

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব  
নওয়াজ আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা  
বিশ্ববিদ্যালয় মুক্তিকা, পানি ও পরিবেশ  
বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. আমিনুল  
ইসলাম সম্পাদিত "এবস্ট্রাকটস অব  
রিসার্চ পাবলিকেশন" শীর্ষক  
গবেষণামূলক গ্রন্থের প্রকাশনা উৎসবে  
তিনি এ কথা বলেন। ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের মুক্তিকা, পানি ও পরিবেশ  
বিভাগ এ অনুষ্ঠানের আয়োজন করে।  
সুয়েড-ডিইউ ট্রাস্ট গ্রন্থটি প্রকাশ করেছে।

সুয়েড-ডিইউ ট্রাস্টের চেয়ারম্যান  
অধ্যাপক ড. সিরাজুল হকের  
সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি  
অধ্যাপক ড. আ আ ম স আরেফিন  
সিদ্দিক ও প্রো-ভিসি (প্রশাসন)  
অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন  
বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।  
গ্রন্থের সম্পাদক-অধ্যাপক ড. আমিনুল  
ইসলাম, স্বাগত বক্তব্য দেন। ধন্যবাদ  
জ্ঞাপন করেন সুয়েড-ডিইউ ট্রাস্টের  
প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক ড. মো:  
আমিনুর রহমান মজুমদার।

অধ্যাপক ড. আ আ ম স আরেফিন  
সিদ্দিক খাদ্য চাহিদা যেটাতে মুক্তিকা  
বিজ্ঞান বিষয়ক গবেষণা জোরদার করার  
ওপর গুরুত্বারোপ করেন।